ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৪৪
আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৭ অক্টোবর ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় 'গোমতী জেলা হাসপাতাল চত্বরে নেশাখোরদের আড্ডা' শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে গোমতী জেলার পুলিশ সুপারের রিপোর্টের ভিত্তিতে এস পি (পুলিশ কন্ট্রোল) এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, বিষয়টি যাচাই করা হয়েছে এবং রেকর্ডসমূহ পর্যালোচনা করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, এখন পর্যন্ত আর কে পুর থানায় কোনো অভিযোগ বা তথ্য পাওয়া যায়নি। গোমতী জেলা হাসপাতালে একটি পুলিশ গার্ড রুম স্থাপন করা হয়েছে। আর কে পুর থানার মোবাইল টিম এবং থানার কর্মীরা নিয়মিতভাবে গোমতী জেলা হাসপাতাল পরিদর্শন করেন। সাধারণ পোশাকধারী পুলিশ সদস্যরাও ওই এলাকায় এমন কর্মকান্ড সম্পর্কিত গোয়েন্দা তথ্য সংগ্রহের জন্য মোতায়েন রয়েছেন। জেলা নাইট প্যাট্রোলিং অফিসারও রাতে ওই এলাকায় নিয়মিতভাবে পরিদর্শন করেন, যাতে পুলিশ সদস্যদের দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করা যায় এবং এলাকাটিতে পুলিশের দৃশ্যমান উপস্থিতি বজায় থাকে। অতএব প্রকাশিত সংবাদটি সত্য নয়।

*****